দৈনিক সংবাদ

তারিখ 17 JUN 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

১৮।

# ছাত্রদলে রিজভী আহমেদ সভাপতি ও ইলিয়াস আলী সাঃ সম্পাদক নির্বাচিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্রদলের কাউন্সিল অধিবেশনে রিজভী আহমেদকে সভাপতি, ইলিয়াস আলীকে সাধারণ সম্পাদক এবং আবদুল মালেককে সাংগঠনিক সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

নজিরবিহীন নিরাপত্তার মধ্য দিয়ে গতকাল মঙ্গলবার নতুন কেন্দ্রীয় কমিটি নির্বাচনের লক্ষ্যে এ কাউন্সিল অনুষ্ঠিত হয়। নেতা-কর্মীদের জোর গ্রুপিং লবিং এড়ানোর জন্যে এবং নিরাপত্তার কারণে পূর্ব নির্ধারিত বিএনপি কার্যালয় থেকে কাউন্সিলের স্থান পরিবর্তন করে প্রধান-মন্ত্রীর কার্যালয় রাষ্ট্রীয় অতিথি ভবন সুগন্ধায় নিয়ে আসা হয়।

গতকাল বিকেল ৪টা থেকে কাউন্সিল অধিবেশন শুরু হবার কথা থাকলেও প্রায় সাড়ে ৩ ঘন্টা পর সন্ধ্যা সাড়ে ৭টা থেকে তা শুরু হয়। রাত সাড়ে ৮টার দিকে

ছাত্রদল ঃ পৃঃ-৮ কঃ ৬

## ছাত্রদল ঃ রিজভী সভাপতি

(১ম পাতার পর)

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কাউন্সিলে যোগদানের জন্যে সুগন্ধায় আসেন। তিনি কাউন্সিলারদের প্রদত্ত ভোট গণনাশেষে নতুন কমিটির নির্বাচিত নেতৃবৃন্দের নাম ঘোষণা করেন।

হাজার হাজার ছাত্রদল কর্মী-সমর্থক গতকাল দুপুর থেকে সুগন্ধা এবং বিএন-পি অফিসে ভিড় জমায়। দীর্ঘ প্রায় ৫ বছর পর ছাত্রদলের কাউন্সিল অনুষ্ঠিত হলেও এবারের কাউন্সিলে শুধুমাত্র সং-গঠনের কেন্দ্রীয় কমিটির ৩ জন নেতা নির্বাচনের কাজ সম্পন্ন হয়। সারাদেশের ১৯৩ জন ভোটার এ কাউন্সিলে ভোট প্রদান করেন।